WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2022-23

BNGADSE01T-BENGALI (DSE1/2)

মধ্যযুগের সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

(ক) 'কৃত্তিবাস অনূদিত রামায়ণ কাব্যের কাহিনি গ্রন্থন ও চরিত্রচিত্রণে বাঙালির আঞ্চলিক সত্তার প্রভাব পড়েছে' — তোমার পাঠ্য অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করো। ১০

অথবা

(খ) রামায়ণ কাব্যের লঙ্কাকাণ্ডে বীররস ও ভক্তিরসের যে মিশ্রণ কৃত্তিবাস দেখিয়েছেন, তা আলোচনা করো। ১০

একক - ২

(গ) বিপ্রদাস পিপলাই-এর মনসামঙ্গল কাব্য অবলম্বনে, উক্ত সময়ের সমাজ ভাবনা বা সামাজিক অনুষঙ্গ কীভাবে তাঁর কাব্যের বিষয় হয়ে উঠেছে, তোমাদের পাঠ্য অবলম্বনে তা আলোচনা করো। ১০

অথবা

(ঘ) বেহুলা চরিত্র বিপ্রদাসের কবি-ভাবনার অপূর্ব পরিচয় বহন করেছে — আলোচনা করো। ১০

একক - ৩

(ঙ) 'মুকুন্দ চক্রবর্তী এবং দ্বিজমাধব একই কাহিনি অবলম্বনে তাঁদের কাব্যরচনা করলেও দ্বিজমাধবের কাহিনি গ্রন্থনে বিশেষ কিছু দুর্বলতা লক্ষ্য করা যায়' — তোমার পাঠ্য অংশ অবলম্বনে এই মন্তব্যের প্রেক্ষিতে তোমার মতামত ব্যক্ত করো। ১০

অথবা

(চ) ভাঁড়ু দত্ত চরিত্রটি সৃজনে দ্বিজমাধবের কৃতিত্ব নিরূপণ করো। ১০

একক - ৪

(ছ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্য রাজকণ্ঠের মণিমালার মতো — তোমাদের পাঠ্যাংশ অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

(জ) অন্নদামঙ্গল কাব্যের ঈশ্বরী পাটনী চরিত্রটি বিশ্লেষণ করে চরিত্রটির সাহিত্যিক গুরুত্ব সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো। ১০

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২=১০

(ক) "আনিতে ঔষধ যদি পার রাতারাতি। ১+৩+১
চারিযুগে থাকিবেক তোমার সুখ্যাতি॥"
— এখানে কার কথা বলা হয়েছে ? কোন্ ঔষধ আনবার কথা বলা হয়েছে, তার পরিচয় দাও। এখানে চারিযুগ বলতে কী বোঝানো হয়েছে ?

(খ) "আজি হৈতে ইন্দ্র তোর ছাড়ুক কমলা। ৫
অক্ষয় সূত্র আর ছিঁড়ে জাপ্য মালা॥"
— উদ্ধৃতাংশের প্রসঙ্গ নির্দেশ করো।

DINABANDHU MAHAVIDYALAYA
Estd.-1947
CENTRAL LIBRARY

(গ) "মন্ত্রণা করিয়া তবে যথ পশুগণ ৫
কংস নদীর তটে গিয়া দিল দরশন।"
— মন্তব্যটির প্রসঙ্গ বিশ্লেষণ করো।

(ঘ) "হরি হর বিধি তিন আমার শরীর। ৫
অভেদে যে জন ভজে সেই ভক্তবীর॥"
— প্রসঙ্গ পূর্বক তাৎপর্য নির্ণয় করো।

——×——